भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 392713

Certified that the document is admitted to registration. The signature sheets and the endorsement sheets attached with this document are part of this document.

9 MAY 2012

## ঃ নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা

মূল্য ১৯,০০,০০০ ঃ

কোবালা গ্রহীত্রি ঃ ১। শ্রীমতী লিসি দাশ মজুমদার, স্বামী শ্রী অজয় কৃষ্ণ দাশ মজুমদার, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী, জাতীয়তা - ভারতীয়, সাকিন - "জিতেন্দ্র ভিলা", ২১১, গাঁদী পাড়া রোড, সুভাষগ্রাম, পোস্ট অফিস - কোদালিয়া, থানা - সোনারপুর, কলিকাতা - ৭০০১৪৬ ।

প্যান কার্ড নম্বর ঃ AHGPD0547G

পর পৃঃ ২

এস. এল. নং ...... তাং ...... 2/5/12

নাম......

ঠিকানা......

মূল্য ...... 5000/-

গভঃ স্ট্যাম্প ভেণ্ডার-সব্যসাচী দেব

সোনারপুর, এ. ডি. এস. আর. ও

কোলকাতা- ১৫০

Krishna Pada Das.

Krishna Pada Das.

Additional Dist. Sub-Registrar-IV, South 24 Pgs. Alipore West Bengal

Registrar U/S 7 (2) of Registration Act 1908

- 7 MAY 2012

Identified by:

Tapanendra Nath Ghosh.

Late Radhapada Ghosh.

Business

P.O+Vill- Kodalia

P.S- Sonarpur

Kol- 700146

২। শ্রীমতী রূপা দাশ মজুমদার, স্বামী শ্রী দুর্জয় কুমার দাশ মজুমদার, জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী, জাতীয়তা - ভারতীয়, সাকিন - ডি - ৪৪, সম্মীলনী পার্ক, এপেকস্ হসপিটালের সন্নিকটে, থানা - সার্ভে পার্ক, পোস্ট অফিস - সন্তোষপুর, কলিকাতা - ৭০০০৭৫।

প্যানকার্ড নম্বর ঃ **AFGPM9168N**

কোবালা দাতা ঃ শ্রী কৃষ্ণপদ দাশ, পিতা - স্বর্গীয় নীলকৃষ্ণ দাশ, জাতি - হিন্দু, জাতীয়তা - ভারতীয়, পেশা - ব্যবসা, প্রযত্নে ইন্ডিয়ান ক্লথ হাউস, সোনারপুর বাজার, পোঃ ও থানা - সোনারপুর, জেলা - দক্ষিণ ২৪ পরগণা, কলিকাতা - ৭০০১৫০।

প্যান কার্ড নম্বর - **ADSPD9852C**

কস্য আমার খরিদা রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের খেরাজী বাস্তু ও বাগান জমি জমা মায় তদুপরিস্থিত ইটের দেওয়াল টালির ছাউনীর গৃহাদী মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত দরবস্তু হক্ হকুক্ নিঃস্বত্ব সাফ্ কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগেঃ

জেলা - দক্ষিণ ২৪ পরগণা, এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট্ সাবরেজিষ্ট্রী অফিস ও থানা - বারুইপুর, পরগণা - মেদনমল্ল, বারুইপুর পৌরসভার অন্তর্গত,

পর পৃঃ ৩

5.

07 MAY 2012

১২ নং ওয়ার্ড ভুক্ত, হোল্ডিং নং - ২৭/বি, পদ্মপুকুর কুলপী রোড, মৌজা - সুবুদ্ধিপুর গ্রামে অবস্থিত, নিম্ন তপশীলে প্রকাশিত হাল রিভিসন্যাল জরিপে ৫৭২ নং খতিয়ান ভুক্ত ২৬ নং দাগে বাস্তু জমির মধ্যে ৪ (চার) কাঠা ১১ (এগারো) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট এবং উক্ত মৌজায় হাল রিভিসন্যাল জরিপে ৬৩ নং খতিয়ান ভুক্ত ২৭ নং দাগে বাগান জমির মধ্যে ১ (এক) কাঠা ১৩ (তেরো) ছটাক, মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'ডি' মার্কা প্লটে লাল রং দ্বারা পরিবেষ্ঠিত ৬ (ছয়) কাঠা ৮ (আট) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট জমি জমা মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট মাপের টালির ছাউনীর গৃহাদী মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সমেত অত্র কোবালার দ্বারা বিক্রীত সম্পত্তি হইতেছে।

উক্ত ২৬ নং দাগে বাস্তু ৩১ শতক ও ২৭ নং দাগে বাগান ১৪ শতক, মোট দুইটি দাগে ৪৫ শতক জমি জমা বারুইপুর থানার অন্তর্গত পদ্মপুকুর নিবাসী স্বর্গীয় গিরিশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় ভোগ দখলিকার থাকাবস্থায় রিভিসন্যাল জরিপ হয়। উক্ত রিভিসন্যাল জরিপে ৫৭২ নং খতিয়ানে ২৬ নং দাগে বাস্তু ৩১ শতক এবং ৬৩ নং খতিয়ানে ২৭ নং দাগে বাগান ১৪ শতক জমি জমা উক্ত গিরিশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নামে ষোল আনা অংশে শুদ্ধ ভাবে রেকর্ড করিয়া মালিক সরকারে ধার্য্যকৃত খাজনা আদায় দিয়া নিব্যূঢ় স্বত্বে অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে খাসে ভোগ দখলিকার থাকা কালে উক্ত গিরিশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় গত ইং - ১৯।৮।১৯৭০ তারিখে উক্ত দাগ দ্বয়ে মোট ৪৫ শতক জমি জমা তাঁহার পুত্র শঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয়কে একখানি উইল পত্র করিয়া দেন। উক্ত উইল পত্র খানি প্রোবেট লইবার জন্য তাঁহার পুত্র বধূ অর্থাৎ উক্ত শঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয়ের পত্নী শ্রীমতী অন্নপূর্ণা বন্দ্যোপাধ্যায় মহাশয়াকে একসিকিউটার নিযুক্ত

পর পৃঃ ৪

Sub-Registrar - IV, South 24 Pgs. Alipore West Bengal

Sub-Registrar
24 Parganas, Alipore,
U/S 7 (2) of
Registration Act 1908
7 MAY 2012

করেন। অতঃপর উক্ত গিরিশ চন্দ্র বন্দ্যোপাধ্যায় মহাশয় পরেলোক গমন করিলে উক্ত উইলের সর্ত্তানুসারে উক্ত একসিকিউটার অন্নপূর্ণা বন্দোপাধ্যায় মহাশয়া উক্ত উইলের প্রোবেট লইবার জন্য গত ইং ৮।১২।১৯৭৯ তারিখে বারুইপুর ডিষ্ট্রিকট্ ডিলিগেট কোর্টে আবেদন পত্র দাখিল করেন। যাহার কেস নং - ১৪১/৭৭ হইয়াছে। উক্ত আবেদন পত্র গত ইং - ১৩।১২।১৯৭৯ তারিখে উক্ত কোর্ট হইতে উক্ত সম্পত্তির মূল্য নির্দ্ধারণ করিয়া নির্দ্ধারিত মূল্যের উপর ষ্ট্যাম্প ডিউটি ও ফিসের টাকা আদায় দিয়া উক্ত অন্নপূর্ণা বন্দ্যোপাধ্যায় মহাশয়া তাঁহার স্বামী শঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নামে উক্ত উইলের প্রোবেট মঞ্জুর করিয়া লয়েন। উক্ত প্রকারে উক্ত শঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয় উক্ত উইলকৃত ৪৫ শতক জমি মায় তদুপরিস্থিত ভগ্ন ইমারতাদি সহ নিব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইয়া অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে খাসে ভোগ দখলিকার থাকা কালে উক্ত শঙ্কর বন্দ্যোপাধ্যায় মহাশয় গত ইং - ১৮।০১।১৯৮৬ তারিখে মৃত্যু হইলে তাঁহার পরিত্যাক্ত সম্পত্তি এক মাত্র পত্নী শ্রীমতী অন্নপূর্ণা বন্দ্যোপাধ্যায় স্বামীর ওয়ারিশান সূত্রে এবং দুই কন্যা যথাক্রমে শ্রীমতী সর্ব্বাণী চ্যাটার্জী ও শ্রীমতী শুভ্রা চক্রবর্ত্তী দ্বয় পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া এল. আর. জরিপে পৃথক, পৃথক খতিয়ানে উক্ত দাগ দ্বয়ের জমি জমা রেকর্ড করিয়া এবং পৌরসভায় নাম পত্তন করিয়া ধার্য্যকৃত খাজনা ও ট্যাকস্ আদায় দিয়া সম অংশে এজমালে খাসে ভোগ দখলিকার থাকা কালে উক্ত অন্নপূর্ণ বন্দ্যোপাধ্যায় দিগরের অন্য সম্পত্তি খরিদার জন্য নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ২৬ নং দাগে বাস্তু জমির মধ্যে ৪ (চার) কাঠা ১১(এগারো) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট এবং ২৭ নং দাগে বাগান জমির মধ্যে ১ (এক) কাঠা ১৩ (তেরো) ছটাক, মোট দুইটি দাগের মধ্যে ৬ (ছয়) কাঠা ৮ (আট) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট বাস্তু ও বাগান জমি জমা এক যোগে বিক্রয় করিবার ঘোষণা করিলে অত্র দলিলের পূর্ব বায়া শ্রী সঞ্জয় কুমার

পর পৃঃ ৫

IV, South 24 Pgs.

24 Parganas, Alipore,

Registration Act 1908

7 MAY 2012

দাশ মজুমদার মহাশয় নিজ অর্থের দ্বারা গত ইং ০২।০৫।৯৭ তারিখে উক্ত অন্নপূর্ণা বন্দ্যোপাধ্যায়, সর্ব্বানী চ্যাটার্জী ও শুভ্রা চক্রবর্ত্তী মহাশয়া ত্রয়ের নিকট হইতে উপযুক্ত পণে বারুইপুর এ্যাঃ ডিঃ সাবরেজিষ্ট্রী অফিসে সম্পাদিত এবং গত ইং ০৫।০৬।১৯৯৭ তারিখে রেজিষ্ট্রীকৃত বুক নং - ১, ভল্যুম নং - ৩৮, পাতা নং ৭ হইতে ১৬, বিইং নং - ২৯৮৭, ইং ১৯৯৭ সালে বিক্রয় কোবালার দ্বারা খরিদ করিয়া পৌরসভায় তাঁহার নামে নাম পত্তন করিয়া ধার্য্যকৃত ট্যাকস্ ও খাজনা আদায় দিয়া অন্যের বিনা সংশ্রবে নির্ব্বিবাদে খাসে ভোগ দখলিকার থাকেন। উক্ত ৬ (ছয়) কাঠা ৮ (আট) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট জমি জমা তাঁহার খরিদা দলিলের সঙ্গীয় নকসায় (ডি) মার্কা প্লটে লাল রং দ্বারা পরিবেষ্ঠিত আছে। উক্ত বিক্রীত সম্পত্তি আদি বারুইপুর পৌরসভার অন্তর্গত ১২ নং ওয়ার্ড ভুক্ত পদ্ম পুকুর কুলপী রোডে ২৭/বি নং হোল্ডিং আমার নাম বরাবর হইয়াছে। অতঃপর উক্ত শ্রী সঞ্জয় কুমার দাশ মজুমদার মহাশয়ের নগদ অর্থের প্রয়োজন হওয়ার এক রেজিষ্ট্রীকৃত কোবালার মাধ্যমে তিনি অত্র কোবালা দাতা আমাকে নিম্ন তপশীল বর্ণিত সমূহ সম্পত্তি উপযুক্ত পণমূল্যে বিক্রয় করিয়া উহা হইতে চিরতরে দখলচ্যুত হন। উক্ত দলিল খানি বারুইপুর এ. ডি. এস. আর. অফিসে ইংরাজী ১৮।০৩।২০১১ তারিখে রেজিষ্ট্রি হয় এবং উক্ত অফিসে ১ নং বহির সিডি ভল্যুম নম্বর ৮, ৩৫৩০ - ৩৫৪৪ নম্বর পাতায় লিপিবদ্ধ ২০১১ সালের ২৫৫৯ নং দলিল রূপে লিপিবদ্ধ রহিয়াছে। ক্রয়ের পর উক্ত জমি আমি আমার নামে বারুইপুর পৌরসভায় নাম পত্তন করাই। যাহার হোল্ডিং নম্বর ২৭ /বি, পদ্মপুকুর কুলপী রোড, ও ওয়ার্ড নম্বর - ১২। নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি আদিতে আমার বিক্রয় করিবার উত্তম স্বত্ব আছে।

পর পৃঃ ৬

3.

- IV, South 24 Pgs. Alipore West Bengal

Sub-Registrar-IV
24 Parganas, Alipore,
Registration Act 1908
- 7 MAY 2012

এক্ষণে কোবালা দাতার নানাবিধ বৈধ কারণ বশতঃ নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় নিম্ন তপশীলে প্রকাশিত অত্র দলিলের সঙ্গীয় নকসায় (ডি) মার্কা প্লটে লাল রং দ্বারা পরিবেষ্টিত ৬ (ছয়) কাঠা ৮ (আট) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট বাস্তু ও বাগান জমি জমা মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট মাপের টালির ছাউনীর গৃহাদী সহ বিক্রয় করিবার ঘোষণা করিলে কোবালা গ্রহীতা অন্যান্য গ্রাহক অপেক্ষা বাজার সর্ব্বোচ্চ্য মূল্য - ১৯,০০,০০০্ মঃ উনিশ লক্ষ টাকায় খরিদ করিবার প্রস্তাব করায় কোবালা দাতা, কোবালা গ্রহীতার উক্ত প্রস্তাবে সম্মত হইয়া অদ্য তারিখে পনের মোট ১৯,০০,০০০্ মঃ উনিশ লক্ষ টাকা নিম্নের জায় মত বুঝিয়া পাইয়া কোবালা গ্রহীতার নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা লিখিয়া দিয়া খাস দখল স্বীকার ও অঙ্গিকার করিতেছি যে ঃ

কোবালা গ্রহীতা অদ্যকার তারিখ হইতে নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তি আদিতে কোবালা দাতার যাবতীয় স্বত্বে স্বত্ববান ও দখলে কায়েম দখলিকার হইয়া মালিক সরকারে ও পৌরসভায় কোবালা গ্রতীতার নামে নাম পত্তন করিয়া নিরূপীত খাজনা ও ট্যাকস্ আদায় দিয়া যদৃচ্ছাক্রমে পুত্র, পৌত্রাদি, ওয়ারিশান ও স্থলাভিষিক্তগণক্রমে দান, বিক্রয়, বন্ধক ও সর্ব্ব প্রকার হস্তান্তর ও রূপান্তরাদির দ্বারা নিব্যূঢ় স্বত্বে পরম সুখে ভোগ দখল করিতে থাকুন। তাহাতে কোবালা দাতা বা কোবালা দাতার ওয়ারিশান গণের কোন প্রকার ওজর, আপত্তি, দাবি, দাওয়া থাকিল না বা থাকিবেক না। যদি কেহ কখনও কোন প্রকার দাবি, দাওয়া করে বা করি তাহা সর্ব্বাদালতে অগ্রাহ্য ও না- মঞ্জুর হইবেক।

পর পৃঃ ৭

South 24 Pgs. Alipore

7 MAY 2012

নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তি আদিতে কোবালা দাতার যা কিছু স্বত্ব, স্বামিত্ব, দখল, অধিকার আছে তাহা অদ্য হইতে কোবালা দাতার রদ ও রহিত হইয়া সম্পূর্ণ রূপে কোবালা গ্রহীতাতে বর্ত্তাইল।

আরও প্রকার থাকে যে, নিম্ন তপশীল বর্ণিত বিক্রীত সম্পত্তি বা তাহার কোনও অংশ আমি অত্র কোবালা দাতা ইতি পূর্বে কাহাকেও দান, বিক্রয়, বন্ধক বা কোন প্রকার হস্তান্তর করি নাই বা কোন শরিক নাই বা স্থায়ী অস্থায়ী প্রজাবিলি করি নাই বা কোন দেনার দায়ে ক্রোক বা নিলাম হয় নাই বা গভর্ণমেন্ট কর্ত্তৃক ল্যান্ড এ্যাকুইজিশান, রিকুইজিশান-এ ভেষ্ট হয় নাই বা কাহারও নিকট বিক্রয় করিবার চুক্তি করি নাই সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় অত্র কোবালার দ্বারা বিক্রয় করিয়া খাস দখল দিয়া চিরতরে নিঃস্বত্ব ও বেদখলিকার হইলাম।

যদি ভবিষ্যতে কোবালা দাতার কৃত কোনও দায় থাকা বা বিক্রয় যোগ্য স্বত্ব না থাকা প্রকাশ পাইয়া কোবালা গ্রহীতার খরিদা স্বত্বের কোন প্রকার ক্ষতি হয় তাহা পূরণ করিতে কোবালা দাতা বা কোবালা দাতারা ওয়ারিশান গণক্রমে সর্ব্বদা বাধ্য থাকিলাম।

যদি ভবিষ্যতে অত্র দলিলের কোনও অংশ ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পায় তজ্জন্য কোবালা দাতার দ্বারা কোন দলিল বা সংশোধনী দলিলের আবশ্যক হয় তাহা কোবালা দাতা বিনা পণ গ্রহণে কোবালা গ্রহীতার খরচায় রেজিষ্ট্রী করিয়া দিতে কোবালা দাতা বা কোবালা দাতার ওয়ারিশান গণক্রমে সর্ব্বদা বাধ্য থাকিলাম।

পর পৃঃ ৮

-IV, South 24 Pgs. Alipore

Parganas, Alipore,
U/S 7 (2) of
Registration Act 1908
7 MAY 2012

অত্র নকসা অত্র দলিলের একাংশ বলিয়া গণ্য হইল এবং বিক্রীত সম্পত্তি লাল রেখার দ্বারা চিহ্নিত করিয়া দর্শানো হইল।

এতদর্থে সুস্থ্ শরীরে স্বচ্ছন্দ মনে অন্যের বিনানুরোধে স্বজ্ঞানে, স্বেচ্ছায় উপরিলিখিত সর্ত্তে কোবালা দাতা ওয়ারিশান গণক্রমে বাধ্য থাকিয়া পনের বাবদ সমূদয় টাকা নিম্নের টাকার জায় মত নগদ বুঝিয়া পাইয়া কোবালা গ্রহীতার নাম বরাবর অত্র নিঃস্বত্ব সাফ বিক্রয় কোবালা লিখিয়া দিলাম।

ইতি তারিখ - বাংলা ১৪১৯ সনের ২৪শে বৈশাখ

ইংরাজী ২০১২ সালের ৭ই মে।

ঃ তপশীলে বিক্রীত সম্পত্তির পরিচয় ঃ

১। জেলা - দক্ষিণ ২৪ পরগণা, এ্যাডিসন্যাল ডিস্ট্রিকট্ সাবরেজিষ্ট্রী অফিস ও থানা - বারুইপুর, পরগণা - মেদনমল্ল, বারুইপুর পৌরসভার অন্তর্গত, ১২ নং ওয়ার্ড ভুক্ত, হোল্ডিং নং - ২৭/বি, পদ্মপুকুর কুলপী রোড্, মৌজা - সুবুদ্ধিপুর গ্রামে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বে হাল রিভিসন্যাল জরিপে ৫৭২ (পাঁচ শত বাহাত্তর) নং খতিয়ান ভুক্ত ৫৮ শতক জমির বার্ষিক খাজনা ৫ টাকা ২৫ পয়সা জমার মধ্যে বিক্রীত ৪ (চার) কাঠা ১১ (এগারো) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট জমির বার্ষিক হারাহারি খাজনা হাল দাখিলা দৃষ্টান্তে ৩০৪ টাকা জমা মালিক ২৪ পরগণার কালেকটার আলিপুর, জে. এল. নং - ৩২, রে. সা. নং - ৭০, তৌজি নং - ২৬৮। হাল রিভিসন্যাল জরিপে ৫৭২ নং খতিয়ান, এল. আর ১২৬৯, ১২৭০ ও ১২৭১ নং খতিয়ান।

পর পৃঃ ৯

-IV, South 24 Pgs. Alipore West Bengal

Sub-Registrar-IV
24 Parganas, Alipore,
U/S 7 (2) of
Registration Act 1908
- 7 MAY 2012

হাল রিভিসন্যাল জরিপে ও এল. আর ২৬ (ছাব্বিশ) নং দাগে বাস্তু ৩১ (একত্রিশ) শতক জমির মধ্যে আমার খরিদা ৪ (চার) কাঠা ১১ (এগারো) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট জমি।

২। একই থানা, মৌজা, স্বত্ব, মালিক, তৌজি ঐ মিউনিসিপ্যাল ওয়ার্ড ও হোল্ডিং ভূক্ত হাল রিভিসন্যাল জরিপে ৬৩ নং খতিয়ান ভুক্ত ৫৩ শতক জমির বার্ষিক খাজনা ৩ টাকা ৪২ পয়সা জমার মধ্যে বিক্রীত ১ (এক) কাঠা ১৩ (তেরো) ছটাক জমির বার্ষিক হারাহারি খাজনা হাল দাখিলা দৃষ্টান্তে ৭৬ টাকা জমা। হাল রিভিসন্যাল জরিপে ৬৩ নং খতিয়ান, এল. আর ১২৬৯, ১২৭০ ও ১২৭১ নং খতিয়ান।

হাল রিভিসন্যাল জরিপে ও এল. আর. ২৭ (সাতাশ) নং দাগে বাগান ১৪ (চৌদ্দ) শতক জমির মধ্যে আমার খরিদা ১ (এক) কাঠা ১৩ (তেরো) ছটাক জমি।

মোট দুইটি খতিয়ানে দুইটি দাগের মধ্যে অত্র দলিলের সঙ্গীয় নকসায় 'ডি' মার্কা প্লটে লাল রং দ্বারা পরিবেষ্টিত ৬ (ছয়) কাঠা ৮ (আট) ছটাক ৩৭ (সাঁইত্রিশ) বর্গফুট জমি জমা মায় তদুপরিস্থিত ১০০ বর্গফুট মাপের টালির ছাউনীর গৃহাদী মায় যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি সহ অত্র দলিল মূলে বিক্রয় হইল । মূল্য - ১৯,০০,০০০ টাকা ।

পর পৃঃ ১০

-IV, South 24 Pgs.

Bengal

24 Parganas, Alipore,

Registration Act 1908

7 MAY 2012

## ঃ বিক্রীত জমির চার চৌহদ্দি ঃ

| | | |
|---|---|---|
| উত্তরে | ঃ | ২৬ ও ২৭ নং দাগের অন্তর্গত (সি) মার্কা প্লট । |
| দক্ষিণে | ঃ | ২৪ ও ২৫ নং দাগের অংশ। |
| পূর্বে | ঃ | ২৪ নং দাগের অংশ। |
| পশ্চিমে | ঃ | কুলপী রোড। |

নিম্ন তপশীলে বর্ণিত বিক্রীত সম্পত্তি আদি কোবালা গ্রহীত্রিদ্বয় খাস দখল বুঝিয়া পাইয়াছেন।

## ঃ টাকার জায় ঃ

| ক্রমিক নং | চেক নং | তারিখ | ব্যাঙ্ক ও ব্রাঞ্চের নাম | টাকার অঙ্ক |
|---|---|---|---|---|
| ১। | ০০৭১২৯ | ২০.১২.২০১১ | অ্যাক্সিস ব্যাঙ্ক লিঃ বারুইপুর | টাঃ ২,০০,০০০.০০ |
| ২। | ২৯৩৬৭৩ | ০৭.০৫.২০১২ | বঙ্গীয় গ্রামীন বিকাশ ব্যাঙ্ক, কোদালিয়া | টাঃ ১,০০,০০০.০০ |
| ৩। | ০৭১৬৮৭ | ০৭.০৫.২০১২ | স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুভাষগ্রাম | টাঃ ২,৫০,০০০.০০ |
| ৪। | ০৭১৬৮৮ | ০৭.০৫.২০১২ | স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুভাষগ্রাম | টাঃ ২,৫০,০০০.০০ |
| ৫। | ০৭১৬৮৯ | ০৭.০৫.২০১২ | স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুভাষগ্রাম | টাঃ ১,৫০,০০০.০০ |
| ৬। | ৬১০৭৬৬ | ০৭.০৫.২০১২ | ডেভেলপমেন্ট ক্রেডিট ব্যাঙ্ক লিঃ, গড়িয়াহাট রোড্ | টাঃ ৩,০০,০০০.০০ |
| ৭। | ৪৮৮০৯৬ | ০৭.০৫.২০১২ | ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, সন্তোষপুর | টাঃ ২,৫০,০০০.০০ |

পর পৃঃ ১১

Sub-Registrar -IV, South 24 Pgs. Alipore
West Bengal

7 MAY 2012


**SITE PLAN OF A LAND IN R.S. & L.R. DAG NO. 26 & 27, UNDER R.S. KHATIAN NO. 572 & 63 RESPECTIVELY OF MOUZA – SUBUDDHIPUR, J.L. NO. 32, UNDER BARUIPUR MUNICIPALITY, WARD NO. 12, HOLDING NO. 27/B, PADMAPUKUR KULPI ROAD, P.S. BARUIPUR, DISTRICT – 24 PARGANAS (SOUTH).**

**SCALE : 1′ = 33′**

| SOLD LAND AREA | : | KH. | | CH. | | SQ.FT. |
|---|---|---|---|---|---|---|
| R.S. DAG NO. 26 | : | 4 | - | 11 | - | 37 |
| R.S. DAG NO. 27 | : | 1 | - | 13 | - | 0 |

**TOTAL SOLD AREA : 6 KH. 08 CH. 37 SQ.FT.**

**MARKED AS 'D' SHOWN IN RED BORDER LINE.**




Krishna Pada Das

Advocate

-IV, South 24 Pgs. Alipore West Bengal

Seal of the

24 Parganas, Alipore

Registration Act 1908

7 MAY 2012

Krishna Pada Das.



| ক্রমিক নং | নগদ/ চেক নং | তারিখ | ব্যাঙ্ক ও ব্রাঞ্চের নাম | টাকার অঙ্ক |
|---|---|---|---|---|
| ৮। | ৪৮৮০৯৭ | ০৭.০৫.২০১২ | ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, সন্তোষপুর | টাঃ ১,৫০,০০০.০০ |
| ৯। | ৪৮৮০৯৫ | ০৭.০৫.২০১২ | ইন্ডিয়ান ওভারসিজ ব্যাঙ্ক, সন্তোষপুর | টাঃ ২,৫০,০০০.০০ |
| | | | মোট টাঃ | ১৯,০০,০০০.০০ |

(মোট ১৯,০০,০০০্ (উনিশ লক্ষ) টাকা গ্রহণ ও তাহার প্রাপ্তি স্বীকার করিলাম)

ইসাদী ঃ

১। Tapanendra Nath Ghosh.
P.O+Vill-Kodalia
P.S- Sonarpur
Kol- 700146

২। পরিতোষ চৌধুরী.
Po+vill- Kodalia
PS. Sonarpur
Kol- 700146

৩। Debes Kumar Misra
Advocate
High Court, Calcutta

Krishna Pada Das.

কোবালা দাতার স্বাক্ষর

মুসাবিদাকারকঃ

Debes Kumar Misra

(শ্রী দেবেশ কুমার মিশ্র)
এড্‌ভোকেট
হাইকোর্ট, কলিকাতা।
৬৯/১, বাঘাযতীন প্লেস,
কলিকাতা - ৭০০০৮৬
ফোন ঃ ২৪২৫-০৪৯০ / ৯৮৩০২ ৩৬১৪৮

IV, South 24 Pgs.


Bengal

24 Parganas, Alipore

7 MAY 2012




| | Thumb | 1st finger | Middle finger | Ring finger | Small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |




Name KRISHNA PADA DAS

Signature Krishna Pada Das.



| | Thumb | 1st finger | Middle finger | Ring finger | Small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name LISI DAS MAJUMDER

Signature লিসি দাস মজুমদার




| | Thumb | 1st finger | Middle finger | Ring finger | Small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |
| right hand | | | | | |



Name RUPA DAS MAJUMDER

Signature Rupa Das Majumder

| | Thumb | 1st finger | Middle finger | Ring finger | Small finger |
|---|---|---|---|---|---|
| left hand | | | | | |

PHOTO

Office of the Dist. Sub-Registrar - IV, South 24 Pgs. Alipore

Sub-Registrar-IV
24 Parganas, Alipore
U/S 7 (2) of
Registration Act 1908
7 MAY 2012

## Government Of West Bengal

**Office Of the D.S.R. - IV SOUTH 24-PARGANAS**
**District:-South 24-Parganas**

**Endorsement For Deed Number : I - 03670 of 2012**
**(Serial No. 03608 of 2012)**

**On**

**Payment of Fees:**

**On 07/05/2012**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 18.55 hrs on :07/05/2012, at the Private residence by Krishnapada Das ,Executant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 07/05/2012 by

1. Krishnapada Das, son of Lt. Nilkrishna Das , C/o Indian Cloth House Sonarpur Bazar, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700150 , By Caste Hindu, By Profession : Business

   Identified By Tapanendra Nath Ghosh, son of Lt. Radhapada Ghosh, Kodalia, Thana:-Sonarpur, District:-South 24-Parganas, WEST BENGAL, India, P.O. :- Pin :-700146 , By Caste: Hindu, By Profession: Business.

( Ashoke Kumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

**On 09/05/2012**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 23, 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

Rs. 0.00/-, on 09/05/2012

Amount by Draft

1. Rs. 18360/- is paid , by the draft number 356870, Draft Date 02/05/2012, Bank Name State Bank of India, SONARPUR, received on 09/05/2012
2. Rs. 6282/- is paid , by the draft number 357103, Draft Date 07/05/2012, Bank Name State Bank of India, SONARPUR, received on 09/05/2012

( Under Article : A(1) = 24596/- ,E = 14/- ,H = 28/- ,M(b) = 4/- on 09/05/2012 )

**( Ashoke Kumar Biswas )**
**DISTRICT SUB-REGISTRAR-IV**

# Government Of West Bengal

Office Of the D.S.R. - IV SOUTH 24-PARGANAS
District:-South 24-Parganas

Endorsement For Deed Number : I - 03670 of 2012
(Serial No. 03608 of 2012)

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-22,36,498/-

Certified that the required stamp duty of this document is Rs.- 134210 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**

Deficit stamp duty

1. Rs. 45000/- is paid, by the draft number 356872, Draft Date 02/05/2012, Bank Name State Bank of India, SONARPUR, received on 09/05/2012
2. Rs. 45000/- is paid, by the draft number 356871, Draft Date 02/05/2012, Bank Name State Bank of India, SONARPUR, received on 09/05/2012
3. Rs. 39230/- is paid, by the draft number 357102, Draft Date 07/05/2012, Bank Name State Bank of India, SONARPUR, received on 09/05/2012

( Ashoke Kumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

( Ashoke Kumar Biswas )
DISTRICT SUB-REGISTRAR-IV

M/C No. 6516/14
6519/14
Kh. 4683, 4684
(02.12.14)

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 12
Page from 4240 to 4256
being No 03670 for the year 2012.

Seal of the District Sub-Registrar IV, South 24 Parganas, South 24 Parganas

(Ashoke Kumar Biswas) 10-May-2012
DISTRICT SUB-REGISTRAR-IV
Office of the D.S.R. - IV SOUTH 24-PARGANAS
West Bengal